

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০০৮.২০১৭-২৪৭

তারিখঃ ২৪ মাঘ ১৪২৪
০৬ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ রীট পিটিশন নং-৭০৬/২০১৮, [পিটিশনার জনাব মোঃ আতাউর রহমান, পিতা-মৃত- আব্দুল খালেক, হোস্টিং নং-৩৩৩, নয়ানগর, ভাটারা, গুলশান, ঢাকা-১২১২ - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২৩.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৭.০১.২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের নির্বাচন উপলক্ষ্যে ১৩-১৮ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ৩৭-৫৪ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে সময়সূচি সংক্রান্ত নির্বাচন কমিশন সচিবালয়ের ৯ জানুয়ারি, ২০১৮ তারিখের ৩ নং প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে সচিব মহোদয়সহ ৪(চার) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। রীটের অপরাপর প্রতিপক্ষ হলেন-প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন; যুগ্মসচিব (চলতি দায়িত্ব), বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়; এবং ভারপ্রাপ্ত মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। হাইকোর্ট বিভাগ শুনানী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাচন বিষয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের তর্কিত প্রজ্ঞাপন কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না সে মর্মে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে ৬(ছয়) মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৩ রুলের কপি।

(ড. সৈয়দা নওশীন পান্নিনী)
সিনিয়র সহকারী সচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: ds1aw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সচিব।

সংযুক্ত ৩ রুলের কপি অনুলিপিঃ

১. সিনিয়র সহকারী সচিব (আইন), স্থানীয় সরকার মন্ত্রণালয়

২. সিনিয়র সহকারী সচিব (আইন), স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা।

৩. সিনিয়র সহকারী সচিব (আইন), স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা।

৪. সিনিয়র সহকারী সচিব (আইন), স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা।